# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান— ৭০

**ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল** বিষয় কোড : ১ ৫ ২

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** বাংলাদেশ সরকার পদ্মা সেতু নির্মাণের জন্য বিশ্বব্যাংকের সাথে ঋণচুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ করলেন। বিশ্ব ব্যাংক ঋণের জন্য বিভিন্ন শর্ত জুড়ে দেয়। ফলে বাংলাদেশ বিকল্প অর্থায়নের কথা ভাবলো। সরকার নিজে এবং বেসরকারি সহায়তায় অর্থায়নের মাধ্যমে সেতুটি নির্মাণের উদ্যোগ গ্রহণ করল।

ক. সকল ধরনের প্রতিষ্ঠানেই অর্থায়নের সাধারণ বৈশিষ্ট্য কি? ১

খ. ব্যবসায়ের মূল চালিকাশক্তি বলা হয় কোনটিকে? ব্যাখ্যা কর। ২

গ. পদ্মা সেতু নির্মাণের জন্য বাংলাদেশ সরকার প্রথমে কোন ধরনের অর্থায়নের উদ্যোগ গ্রহণ করে? বর্ণনা কর। ৩

ঘ. পদ্মা সেতু নির্মাণে বিকল্প অর্থায়নের উদ্যোগ গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

**২.▶** জনাব আরমান একজন ব্যবসায়ী। তিনি নানা ধরনের খাদ্যজাত দ্রব্য উৎপাদন করেন। এক্ষেত্রে তিনি নিজস্ব মূলধন ব্যবহার করেন। কিন্তু মূলধনের ঘাটতি হলে তিনি ক্রেতাদের নিকট থেকে অগ্রিম গ্রহণ করে থাকেন। এতে তার মূলধনজনিত সমস্যা লাঘব হয়।

ক. সঞ্চিতি তহবিল কাকে বলে? ১

খ. ঋণপত্র বলতে কী বোঝায়? ২

গ. ক্রেতার নিকট থেকে অগ্রিম গ্রহণ কোন তহবিলের অন্তর্ভুক্ত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠান সচল রাখতে বহিস্থ তহবিলের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**৩.▶** আকরাম সাহেব একজন ব্যবসায়ী। তিনি বার্ষিক ১০% চক্রবৃদ্ধি সুদে ১,০০,০০০ টাকা যমুনা ব্যাংকে জমা রাখেন। জমাকৃত টাকা নির্দিষ্ট সময় পরে উত্তোলন করে ব্যবসায় বিনিয়োগ করবেন?

ক. বাট্টাকরণ প্রক্রিয়া কাকে বলে? ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. আকরাম সাহেবের হিসাবে ৫ বছর পর মোট কত টাকা জমা হবে? ৩

ঘ. ৬ মাস অন্তর চক্রবৃদ্ধি হলে ৫ বছর পর যমুনা ব্যাংকে তার কত টাকা জমা থাকবে? ৪

**৪.▶** মি. রায়হান শেয়ার বাজারে একজন বিনিয়োগকারী। তার শেয়ার বিনিয়োগ থেকে গত দশ বছরের প্রাপ্ত আয়ের হার যথাক্রমে ১০%, ২০%, - ৫%, ১৫%, ৩৫%, ১০%, ২৫%, ৩০%, ১২% ও ০%।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে ২টি পার্থক্য লেখ। ২

Teachingbd.com

http://teachingbd.com

গ. রায়হানের শেয়ার বিনিয়োগের গড় থেকে ব্যবধানের বর্গের যোগফল নির্ণয় কর। ৩

ঘ. রায়হানের বিনিয়োগের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

**৫.▶** কলম উৎপাদনকারী প্রতিষ্ঠান ম্যাটাডোর কোম্পানি এর হাতে দুটি প্রকল্প রয়েছে যথাক্রমে সুরমা প্রকল্প ও মেঘনা প্রকল্প। যেকোনো একটি প্রকল্প গ্রহণ করতে হবে। আয় ব্যয় প্রাক্কলন করে দেখা যায়, ৫ বছর মেয়াদি এ প্রকল্পদ্বয়ের বিনিয়োগ যথাক্রমে ২০,০০,০০০ টাকা এবং ২৫,০০,০০০ টাকা। প্রতি বছর শেষে প্রকল্পদ্বয় থেকে নগদ প্রবাহ হবে।

| প্রকল্প | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| সুরমা | ৮,০০,০০০ | ১০,০০,০০০ | ১২,০০,০০০ | ১৫,০০,০০০ | ১৭,০০,০০০ |
| মেঘনা | ৬,০০,০০০ | ৭,০০,০০০ | ১০,০০,০০০ | ১৫,৭০,০০০ | ১৯,০০,০০০ |

ক. মূলধন বাজেটিংয়ের সরল ও জনপ্রিয় পদ্ধতি কোনটি? ১

খ. সংস্থাপন ব্যয় কী? ব্যাখ্যা কর। ২

গ. ম্যাটাডোর কোম্পানির সুরমা প্রকল্পের পে ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. ম্যাটাডোর কোম্পানির দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্যে কোন প্রকল্পটি বেছে নেয়া উচিত বলে তুমি মনে কর? ৪

**৬.▶** কর্মসংস্থান ব্যাংক একটি স্বনামধন্য ব্যাংক। ব্যাংকটি তার সুনাম রক্ষা করার জন্য প্রতি শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদান করে। ২০১৪ সালে ব্যাংকটি অধিক মুনাফা অর্জন করল। ব্যাংক কর্তৃপক্ষ মুনাফার একটি অংশ দিয়ে তহবিল সৃষ্টি করল। ২০১৫ সালে ব্যাংকটির মুনাফা কম হওয়ায় ব্যাংক কর্তৃপক্ষ উক্ত তহবিল থেকে নির্দিষ্ট হারে লভ্যাংশ প্রদান করতে সক্ষম হলো।

ক. লভ্যাংশ প্রদান অনুপাত নীতি কি? ১

খ. কীভাবে শেয়ারবাজারের সূচক বাড়ে বা কমে? ২

গ. কর্মসংস্থান ব্যাংক ২০১৪ সালের মুনাফা দিয়ে কোন ধরনের তহবিল সৃষ্টি করল? ৩

ঘ. কর্মসংস্থান ব্যাংকের ২০১৫ সালের পরিস্থিতি মোকাবিলায় গৃহীত পদক্ষেপ কতটা সমর্থনযোগ্য বলে তুমি মনে কর? ৪

## খ বিভাগ: ব্যাংকিং

**৭.▶** করিম মিয়া তার ছেলে রহিমের জন্য একটি শার্ট কিনলেন। শার্ট কেনার পর তিনি একটি রূপার খন্ড প্রদান করলেন। রূপার খন্ড প্রদান করার কারণ সম্পর্কে রহিম বাবাকে প্রশ্ন করলেন। করিম মিয়া রূপার খণ্ডকে মুদ্রা হিসেবে উল্লেখ করে ছেলেকে বিনিময়মূল্য সম্পর্কে বোঝালেন। বিনিময় মুদ্রা হিসেবে করিম মিয়া রূপার খণ্ড প্রদান করলেও রহিম যখন বড় হলেন তখন কাগজি মুদ্রার ব্যবহার শুরু হল।

ক. মুদ্রা কী? ১

খ. একক বিনিময় মাধ্যমের প্রয়োজনীয়তা অনুভূত হয় কেন? ২

গ. রহিম কাগজি মুদ্রার মাধ্যমে যে সকল সুবিধা পাবে তা বর্ণনা কর। ৩

ঘ. করিম মিয়ার রূপার খণ্ডকে মুদ্রা বলা কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? ৪

http://teachingbd.com

৮.▶ মি 'X' একজন স্বল্পশিক্ষিত ব্যবসায়ী। তিনি ব্যাংকের কার্যাবলি সম্পর্কে ভালো জানেন না। তাই তিনি একজন ব্যাংক কর্মকর্তার কাছে জানতে চান ব্যাংক গ্রাহকদের পক্ষে কী কাজ করে থাকে? ব্যাংক কর্মকর্তা বলেন ব্যাংক গ্রাহকদের অর্থের নিরাপত্তা প্রদান করে।

ক. চেইন ব্যাংকিং কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে আমদানি রপ্তানি কার্যাদি সম্পাদনে সাহায্য করে? ২
গ. ব্যাংক গ্রাহকদের পক্ষে কী কাজ করে থাকে? আলোচনা কর। ৩
ঘ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে তার ব্যবসা হতে আয় করে থাকে? মূল্যায়ন কর। ৪

৯.▶ জনাব আরাফাত NCC ব্যাংকের একজন সিনিয়র অফিসার। তিনি তার দীর্ঘ কর্ম জীবনের অভিজ্ঞতা, পেশাগত প্রশিক্ষণ, সেমিনার ও সিম্পোজিয়াম থেকে বুঝতে পেরেছেন ব্যাংকের সুষ্ঠু সংগঠন, ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য কতিপয় নীতি মেনে চলা আবশ্যক। কারণ ব্যাংককে যে কোনো দেশের অর্থনৈতিক উন্নতির নিয়ামক বলা হয়।

ক. তারল্য কী? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আরাফাতের অভিজ্ঞতার প্রেক্ষিতে ব্যাংকের সুষ্ঠু সংগঠন, ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য অনুকরনীয় নীতিমালা কী হওয়া উচিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থনৈতিক উন্নতির নিয়ামক হিসেবে একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ভূমিকা মূল্যায়ন কর। ৪

১০.▶ মাসুক উচ্চ মাধ্যমিক ২য় বর্ষের ব্যবসায় শিক্ষা শাখার ছাত্র। তার বড় ভাই মাসুদ ব্যাংক ম্যানেজমেন্টে ডিপ্লোমা করছে। মাসুক বড় ভাই মাসুদের কাছে জানতে চাচ্ছে কোন প্রেক্ষাপটে কেন্দ্রীয় ব্যাংকের উৎপত্তি ঘটেছে এবং ক্রমবিকাশের ইতিহাসই বা কী? মাসুদ ছোট ভাই মাসুককে কেন্দ্রীয় ব্যাংকের উৎপত্তি ও ক্রমবিকাশের ইতিহাস, উদ্দেশ্য প্রভৃতি বুঝিয়ে দেয়।

ক. বিশ্বের প্রথম প্রতিষ্ঠিত কেন্দ্রীয় ব্যাংকের নাম কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে একক সংগঠন বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. "বাণিজ্যিক ব্যাংকের পথ ধরেই কেন্দ্রীয় ব্যাংকের উৎপত্তি ঘটেছে।" বক্তব্যটি ব্যাখ্যা কর। ৩
ঘ. মাসুদ ছোট ভাই মাসুককে কেন্দ্রীয় ব্যাংক প্রতিষ্ঠার পেছনে যে সব উদ্দেশ্যের কথা বলেছেন সেগুলো বিশ্লেষণ কর। ৪

১১.▶ মি. রাশেদ প্রাইম ব্যাংকে একটি হিসাব খুললেন। ব্যাংকটি ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতি অনুসারে গ্রাহক হিসেবে জনাব রাশেদকে যথাযথ মূল্যায়নের মাধ্যমে গ্রাহক ব্যাংক সুসম্পর্ক গড়ে তোলে। ব্যাংকের যথাযথ দায়িত্ব জনাব রানাকে একজন বিশ্বস্ত গ্রাহকে পরিণত করেছে।

ক. চেক কী? ১
খ. হিসাবের গোপনীয়তা প্রয়োজন কেন? ২
গ. প্রাইম ব্যাংক তার গ্রাহক রাশেদের প্রতি যে সব দায়িত্ব পালন করবে তা বর্ণনা কর। ৩
ঘ. প্রাইম ব্যাংকের প্রতি গ্রাহকের যথাযথ দায়িত্ব পালনকে তুমি কীভাবে মূল্যায়ন করবে? ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ **বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড : ১ ৫ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ত্রুটিপূর্ণ বিনেয়াগ সিদ্ধান্তের ফলাফল কী?**
ক মুনাফার সমন্বয়সাধন
খ মুনাফা হ্রাস
গ মূলধন খরচ বৃদ্ধি
ঘ মূলধন ব্যয় হ্রাস

**২. দীর্ঘমেয়াদি বিনিয়োগে প্রয়োজন হয়-**
i. ঝুঁকি নিরূপণ করা ii. ঝুঁকি নির্বাচন করা
iii. ঝুঁকির গ্রহণযোগ্যতা যাচাই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. মূলধন বাজেটিং প্রক্রিয়ার প্রথম ধাপ হচ্ছে-**
i. আয় প্রবাহ প্রাক্কলন ii. আন্তঃপ্রবাহ প্রাক্কলন
iii. বহিঃপ্রবাহ প্রাক্কলন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৪. প্রথম বছর ৩৬.৭ লক্ষ দ্বিতীয় বছর ১৬.৬ লক্ষ এবং তৃতীয় বছর মুনাফার হার ১৩.৩ লক্ষ হলে, গড় মুনাফা কত?**
ক ৫০ লক্ষ খ ৪৭ লক্ষ
গ ২২.২ লক্ষ ঘ ৭ লক্ষ

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
মিসেস ছবি সকল ব্যাংকিং সুযোগ সুবিধা সমন্ধে অভিজ্ঞ। তাই তিনি তার স্বামীর ব্যাংক সম্পর্কিত প্রয়োজনীয় কাজগুলো নিজে করেন এবং ব্যাংকের সুবিধাগুলো ভোগ করতে পারেন।

**৫. মিসেস ছবি মক্কেলভিত্তিক ব্যাংকিং সুবিধার কোনটির আওতাভুক্ত?**
ক মহিলা ব্যাংক খ স্কুল ব্যাংক
গ ভোক্তাদের ব্যাংক ঘ শ্রমিক ব্যাংক

**৬. ভোক্তাদের ব্যাংক ব্যবস্থাটি কীভাবে মিসেস ছবিকে সুবিধা প্রদান করতে পারে?**
ক বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা প্রদান
খ পণ্য চিহ্নিত করলে সাহায্য করে
গ পণ্যের মান উন্নয়নে সহায়তা করে
ঘ পণ্য বৈচিত্র্যকরণে পরামর্শ দিয়ে

**৭. আলাদা সত্তাহীন ব্যাংক কোনটি?**
ক একক ব্যাংক খ শাখা ব্যাংক
গ গ্রুপ ব্যাংক ঘ চেইন ব্যাংক

**৮. কত সালে বাংলাদেশে ইসলামি ব্যাংক ব্যবস্থার প্রবর্তন হয়?**
ক ১৯৮০ সালে খ ১৯৮১ সালে
গ ১৯৮২ সালে ঘ ১৯৮৩ সালে

**৯. যে কোম্পানির লভ্যাংশের হার প্রতি বছর সমান হারে বৃদ্ধি পায় সে কোম্পানির ব্যয় নির্ণয়ে কোনটি প্রযোজ্য-**
ক শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি
খ স্থির হারে লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি
গ শূন্যহীন লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি
ঘ শূন্য ও স্থির হার লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি

**১০. বিভিন্ন উৎসের মূলধন ব্যয়সমূহ হলো-**
i. ঋণ মূলধন ব্যয়
ii. অগ্রাধিকার শেয়ারের ব্যয়
iii. সাধারণ শেয়ার মূলধন ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. লভ্যাংশ বৃদ্ধি মডেল অনুযায়ী প্রতিষ্ঠানের লভ্যাংশ বৃদ্ধির হার কী করা হয়?**
ক নির্দিষ্ট খ সংরক্ষণ
গ ঝুঁকিমুক্ত ঘ অনুমান

**১২. অর্থায়ন বলতে বোঝায়—**
i. তহবিল সংগ্রহ
ii. তহবিলের ব্যবহার
iii. বিনিয়োগ সিদ্ধান্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. সরকারি অর্থায়ন সাধারণত কীরূপ হয়?**
ক লাভজনক খ অলাভজনক
গ অধিক লাভজনক ঘ মুনাফা ভিত্তিক

**১৪. অর্থায়ন বিকাশের মূল চারণভূমি বলা হয়-**
i. চীনকে
ii. যুক্তরাষ্ট্রকে
iii. যুক্তরাজ্যকে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**১৫. ব্যাংক বিনিময়ের মাধ্যমে কী করে?**
ক অর্থ স্থানান্তর খ মূল্য পরিমাপ
গ সঞ্চয় বৃদ্ধি ঘ তথ্য সরবরাহ

Teachingbd.com

১৬. ঋণ মঞ্জুর ও সুদ গ্রহণ কোন ব্যাংক করে থাকে?
ক) কেন্দ্রীয় ব্যাংক
খ) বাণিজ্যিক ব্যাংক
গ) শিল্প বাংক
ঘ) স্কুল ব্যাংক

১৭. ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান হিসেবে দেশের-
i. কর্মসংস্থানে সহায়তা করে
ii. অর্থনীতিতে ঋণ সরবরাহ করে
iii. ব্যবসায়িক পরামর্শ দান করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) iii　ঘ) i, ii ও iii

১৮. একটি প্রকল্পে অর্থ বিনিয়োগের জন্য অন্য কোন প্রকল্পের অর্থ বিনিয়োগের সুযোগ ত্যাগ করাকে কী বলে?
ক) সুযোগ ব্যয়　খ) প্রকল্প মূল্যায়ন
গ) উৎপাদন ব্যয়　ঘ) বিনিয়োগ ব্যয়

১৯. সোহাগ একটি বিনিয়োগের ওপর শতকরা ১২ টাকা চক্রবৃদ্ধি হারে সুদ পান যা ৩ বছর পরে ১৬,০৬২ টাকা হবে। সোহাগের বিনিয়োগকৃত অর্থের বর্তমান মূল্য কত?
ক) ১০,১৯০ টাকা　খ) ১১,৪৩২ টাকা
গ) ১৪,০০২ টাকা　ঘ) ১৪,২৮০ টাকা

২০. আদিল ২০% সুদে 'জয় ব্যাংক' হতে ঋণ গ্রহণ করেন। এই ব্যাংকে মাসিক ভিত্তিক সুদ গণনা করা হয়। উক্ত ব্যাংকের প্রকৃত সুদের হার কত?
ক) ২০.০২%　খ) ২৯.০৬%
গ) ২১.৯৪%　ঘ) ২৫.৭৯%

২১. ব্যাংক আমানতের উদ্দেশ্য কত প্রকার?
ক) ২ প্রকার　খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার　ঘ) ৫ প্রকার

২২. শেয়ার বাজারে অর্থ বিনিয়োগ করা কী?
ক) ঝুঁকিহীন　খ) ঝুঁকিপূর্ণ
গ) ব্যয়বহুল　ঘ) দায়মুক্ত

২৩. রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাবের সুবিধা নিয়ে থাকে—
i. আমদানিকারীরা
ii. রপ্তানিকারীরা
iii. কুটির শিল্পীরা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২৪. কীভাবে একটি প্রতিষ্ঠান তহবিল সংগ্রহ করে?
ক) বিভিন্ন উৎসের মধ্যে তুলনা করে
খ) আয়-ব্যয়ের মধ্যে সমন্বয় করে
গ) অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস থেকে
ঘ) অর্থায়নের স্বল্পমেয়াদি উৎস থেকে

২৫. প্রাতিষ্ঠানিক তহবিলের উৎসসমূহ হলো-
i. প্রাপ্য বিল বাট্টাকরণ
ii. স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ
iii. প্রদেয় বিল ও ক্ষুদ্র ঋণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২৬. কাগজি মুদ্রার প্রচলন শুরু হয় কখন?
ক) বিংশ শাতাব্দীতে
খ) উনবিংশ শতাব্দীতে
গ) একবিংশ শতাব্দীতে
ঘ) অষ্টাদশ শতাব্দীতে

২৭. বিনিময় কর্মকাণ্ডের প্রসার ঘটে মানুষের-
i. জ্ঞান বৃদ্ধির ফলে
ii. বুদ্ধির পরিধি বৃদ্ধির ফলে
iii. অর্থ বৃদ্ধির কারণে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২৮. জনগণের অর্থ সংগ্রহের মাধ্যমে ব্যাংক কী সৃষ্টি করে?
ক) ঋণ　খ) আমানত
গ) কু-ঋণ　ঘ) বিনিয়োগ

২৯. অফিস ভাড়া, বিমা খরচ ইত্যাদির পরিমাণ বেশি হলে কোন ঝুঁকি সৃষ্টি হয়?
ক) আর্থিক ঝুঁকি
খ) সুদ হারের ঝুঁকি
গ) তারল্য ঝুঁকি
ঘ) ব্যবসায়িক ঝুঁকি

৩০. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে অনুসরণ করা হয়-
i. সি এসই এক্স সূচক
ii. সি এসই ৩০ সূচক
iii. সি এসই ২০ সূচক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |

http://teachingbd.com